# বাংলাদেশ গণিত সমিতি

কার্যালয় : রুম নং ৮০৩, এ এফ মুজিবুর রহমান গণিত ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

## Bangladesh Mathematical Society

Office: Room No. 803, A F Mujibur Rahman Ganit Bhaban, University of Dhaka, Dhaka-1000, Bangladesh

Web site: www.bdmathsociety.org, BMS E-mail : bmsoffice1000@gmail.com


তারিখ : ২৭-১১-২০১৯

### কার্যকরী সংসদ নির্বাচন ২০২০
### বিজ্ঞপ্তি -১

বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদ সমিতির ২০২০-২০২১ কার্যকালের কার্যকরী সংসদের নির্বাচনের তারিখ আগামী **৩১ জানুয়ারি** (শুক্রবার, বিকাল ৩:০০মি.-৫:০০মি.) ২০২০। **স্থান : এ এফ মুজিবুর রহমান গণিত ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়।** কার্যকরী সংসদের গঠন নিম্নরূপ ঃ

| | | | |
|---|---|---|---|
| সভাপতি | ১ (এক) জন | সহ-সভাপতি | ৩ (তিন) জন |
| সম্পাদক | ১ (এক) জন | কোষাধ্যক্ষ | ১ (এক) জন |
| যুগ্ম-সম্পাদক | ১ (এক) জন | সহকারী সম্পাদক | ১ (এক) জন |

কার্যকরী সদস্য ১১ (এগার) জন

১। এতদ্বারা সমিতির সদস্যদের মধ্য হইতে উক্ত পদ সমূহের জন্য মনোনয়নপত্র আহ্বান করা যাইতেছে। মনোনয়নপত্রের একটি নমুনা সংযুক্ত আছে, প্রয়োজনে ইহার ফটোকপি ব্যবহার করা যাইবে।

২। প্রত্যেক মনোনয়নপত্রে সমিতির একজন সদস্য (প্রস্তাবক) সমিতির অপর একজন সদস্য (পদপ্রার্থী)-কে উল্লেখিত পদগুলির নির্দিষ্ট একটি পদে মনোনয়ন প্রদান করিবেন। তৃতীয় একজন সদস্য (সমর্থক) উক্ত প্রস্তাব সমর্থন করিবেন। প্রস্তাবক, সমর্থক, পদপ্রার্থী প্রত্যেকে মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে নিজ নিজ সদস্য নম্বর উল্লেখসহ নাম লিখিবেন ও স্বাক্ষর করিবেন। তবে শর্ত থাকে যে,

ক. কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত সদস্যই ভোটার বলে গণ্য হইবেন।

খ. সকল ক্ষেত্রেই সদস্যকে ভোটাধিকারী সদস্য হইতে হইবে।

গ. প্রস্তাবক অথবা সমর্থক অথবা প্রার্থী হিসাবে কোন সদস্য সভাপতি পদের জন্য একটির অধিক, সহ-সভাপতি পদের জন্য তিনটির অধিক, কার্যকরী সদস্য পদের জন্য এগারটির অধিক, অন্যান্য পদের প্রত্যেকটির জন্য একটির অধিক মনোনয়নপত্র স্বাক্ষর করিতে পারিবেন না।

ঘ. কোন সদস্য একাধিক পদের জন্য প্রার্থী হইতে পারিবেন না।

ঙ. কোন সদস্য একই পদে উপর্যুপরি দুই কার্যকালের জন্য নির্বাচিত হইলে পরবর্তী তৃতীয় কার্যকালের জন্য তিনি ঐ একই পদের জন্য প্রার্থী হইতে পারিবেন না।

৩। **মনোনয়নপত্র** খামে ভরিয়া খামের মুখ বন্ধ করিয়া, খামের উপর 'মনোনয়নপত্র' লিখিয়া হাতে-হাতে অথবা বাহক অথবা ডাক অথবা কুরিয়ার মারফত সমিতির কার্যালয়ে **পৌঁছানোর সময়সীমা ২৬ ডিসেম্বর (বৃহস্পতিবার) ২০১৯ অপরাহ্ন ৪:০০ মি.। কোন খোলা মনোনয়নপত্র গ্রহণ করা হইবে না।**

৪। বৈধভাবে মনোনীত কোন প্রার্থী নির্বাচন কমিশনারের নিকট নিজ স্বাক্ষরযুক্ত নোটিশ দাখিল করিয়া নিজের প্রার্থীপদ প্রত্যাহার করিতে পারিবেন। **প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা ৩১ ডিসেম্বর (মঙ্গলবার) ২০১৯ অপরাহ্ন ৪:০০মি.। চূড়ান্ত তালিকা প্রকাশ ০২ জানুয়ারি (বৃহস্পতিবার)।**

৫। প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরপরই নির্বাচন কমিশনার বৈধ প্রর্থীদের চূড়ান্ত তালিকা সমিতির নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তির মাধ্যমে ঘোষণা করিবেন। যদি কোন পদের জন্য পদের সংখ্যার অধিক প্রার্থী না থাকেন তাহা হইলে নির্বাচন কমিশনার ঐ সকল প্রার্থীকে ঐ একই বিজ্ঞপ্তিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৬। ভোট গ্রহণের প্রয়োজন হইলে নির্বাচনী সভায় উপস্থিত সদস্যবৃন্দের গোপন ভোট এবং যে কোন অনুপস্থিত সদস্য পূর্বাহ্নে ডাক-ভোট ব্যবহার করার ইচ্ছা প্রকাশ করিবেন, তাঁহাদের ডাক-ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

৭। যে সকল সদস্য ডাক-ভোট ব্যবহার করিতে ইচ্ছুক, তাঁহাদের ডাক-ভোটপত্র প্রেরণের জন্য আবেদন করার **সময়সীমা ০৯ জানুয়ারি (বৃহস্পতিবার) ২০২০ অপরাহ্ন ৪:০০মি.।** উক্ত **সময়সীমা** অতিক্রান্ত হওয়ার পরবর্তী কার্যদিবসে নির্বাচন কমিশনার ডাক-ভোটপত্রের আবেদনকারীদের নিকট ডাক-ভোটপত্র প্রেরণ করিবেন। ডাক-ভোট দেয়ার আবেদন ই-মেইলের (BMS E-mail : bmsoffice1000@gmail.com) মাধ্যমেও করা যেতে পারে। আবেদনপত্রের নমুনা সমিতির ওয়েব সাইটে পাওয়া যাবে।

০৩

৮। ডাক-ভোট প্রদানের পর ডাক-ভোটপত্র নির্বাচন কমিশনারের নিকট পৌছানোর সময়সীমা ২৯ জানুয়ারি (বুধবার) ২০২০ অপরাহ্ন ৪:০০মি.।

৯। ডাক-ভোটের আবেদনপত্র বাহক মারফত পাঠানো যাইবে, কিন্তু কোন অবস্থাতেই কোন বাহকের হাতে ডাক-ভোটপত্র দেওয়া হইবে না। ডাক-ভোটপত্র আবেদনপত্রে উল্লেখিত ঠিকানায় ( কোন ঠিকানার উল্লেখ না থাকিলে, সদস্য তালিকায় উল্লেখিত ঠিকানায়) কুরিয়ার/ডাকযোগে পাঠানো হইবে।

১০। প্রত্যেক ডাক-ভোটপত্রে ভোটারের সদস্য নম্বর উল্লেখসহ স্বাক্ষর থাকিতে হইবে, আবেদনপত্রে প্রদত্ত স্বাক্ষরের সহিত এই স্বাক্ষরের মিল থাকিতে হইবে। নির্বাচন কমিশনার ডাক-ভোটারের পরিচয় গোপন রাখার ব্যবস্থা গ্রহণ করিবেন ।

১১। কোন সদস্যকে ডাক-ভোটপত্র প্রেরণ করা হইলে তাঁহাকে ডাক-ভোটের মাধ্যমেই ভোট প্রদান করিতে হইবে। ডাক-ভোটের সীলকরা খামগুলো (একই প্রতিষ্ঠানের ক্ষেত্রে) যৌথভাবেও প্রেরণ করা যেতে পারে।

১২। ঘোষিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরে কাহাকেও ভোটপত্র প্রদান করা হইবে না বা কাহারও ভোটপত্র গ্রহণ করা হইবে না।

১৩। ডাক-ভোটপত্র বাতিল হইবে, যদি
- ক) নির্দিষ্ট সময়ের মধ্যে ডাক-ভোটপত্র নির্বাচন কমিশানারের নিকট আসিয়া না পৌছায়, অথবা
- খ) ডাক-ভোটপত্রে সদস্য নম্বর উল্লেখসহ স্বাক্ষর না থাকে, অথবা
- গ) উহাতে নির্বাচন কমিশনারের দস্তখত না থাকে।

১৪। প্রত্যেক প্রত্যক্ষ ভোট অথবা ডাক-ভোট প্রদানকারীকে একটি ভোটপত্র প্রদান করা হইবে। যাহাতে পছন্দের প্রার্থীর নামের পার্শ্বে ক্রস চিহ্ন প্রদানের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিতে হইবে। লক্ষ্য রাখিতে হইবে, ক্রস চিহ্ন ( × ) যেন পছন্দের প্রার্থীর নামের উপরের ও নীচের সমান্তরাল রেখা দুইটির কোনটিকেই স্পর্শ না করে।

১৫। কোন কারণেই কোন সদস্যকে একটির বেশী ভোটপত্র দেওয়া হইবে না।

১৬। ভোট বাতিল হইবে, যদি
- ক) কোন পদের জন্য প্রয়োজনাতিরিক্ত ভোট দেওয়া হয়, অথবা
- খ) কোন প্রার্থীকে ভোট দেওয়া হইয়াছে, সে সম্পর্কে কোন অনিশ্চয়তা থাকে।

১৭। কার্যকরী সংসদের কোন পদের জন্য আদৌ কোন প্রার্থী না থাকিলে নির্বাচনী সভায় উপস্থিত সদস্যদের মধ্য হইতে সংখ্যাগরিষ্ঠের ভোটে ঐরূপ পদ পূরণ করা হইবে ।

১৮। ভোটগ্রহণ সমাপ্তির পর নির্বাচন কমিশনার কর্তৃক নিযুক্ত ব্যক্তিরা প্রার্থীদের বা তাঁহাদের অনুমোদিত প্রতিনিধিদের মধ্য হইতে যাঁহারা উপস্থিত থাকিতে ইচ্ছুক, তাঁহাদের সম্মুখে প্রত্যেক প্রার্থীর স্বপক্ষে প্রদত্ত ভোটের সংখ্যা গণনা করিবেন এবং উক্ত সংখ্যা নির্বাচন কমিশনারকে জ্ঞাপন করিবেন ।

১৯। একই পদের জন্য দুই বা ততোধিক প্রার্থী সমান সংখ্যক ভোট পাইলে নির্বাচন কমিশনার লটারীর মাধ্যমে ঐ পদে কে জয়ী হইবেন তাহা ঠিক করিবেন।

২০। নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে নির্বাচন কমিশনারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

27/11/19

(অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার)
নির্বাচন কমিশনার

** নির্বাচন ২০২০ ঃ গুরুত্বপূর্ণ তারিখ সমূহ

১। নির্বাচন সংগঠিত হওয়ার তারিখ ৩১ জানুয়ারি (শুক্রবার) ২০২০ বিকাল ৩:০০মি. - ৫:০০মি.। স্থান : এ এফ মুজিবুর রহমান গণিত ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। মনোনয়নপত্র নির্বাচন কমিশনারের নিকট পৌছানোর সময়সীমা ২৬ ডিসেম্বর (বৃহস্পতিবার) ২০১৯ অপরাহ্ন ৪:০০মি.।
৩। প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা ৩১ ডিসেম্বর (মঙ্গলবার) ২০১৯ অপরাহ্ন ৪:০০মি.। চূড়ান্ত তালিকা প্রকাশ ০২ জানুয়ারি (বৃহস্পতিবার)
৪। ডাক-ভোট প্রদানে ইচ্ছুক সদস্যদের ভোট-পত্র পাওয়ার আবেদন করার সময়সীমা ০৯ জানুয়ারি (বৃহস্পতিবার) ২০২০ অপরাহ্ন ৪:০০মি.।
৫। ডাক-ভোট প্রদানের পর ডাক-ভোটপত্র নির্বাচন কমিশনে পৌছানোর সময়সীমা ২৯ জানুয়ারি (বুধবার) ২০২০ অপরাহ্ন ৪:০০মি.।